বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
ই-মেইল-info.bscs@bb.org.bd

**বিজ্ঞপ্তি নম্বর: ৫৭/২০২৬**

তারিখ: ০৪ ফাল্গুন, ১৪৩২ / ১৭ ফেব্রুয়ারি, ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত বেসিক ব্যাংক পিএলসি এর নিম্নোক্ত শূন্য পদসমূহ প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ আবেদন এবং আবেদনের সপক্ষে দলিলাদি (ক্রমিক নং-৮-এ বিস্তারিত বর্ণিত) প্রেরণ করার আহ্বান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম ও গ্রেড | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল,২০১৫) | পদ সংখ্যা | Job ID | শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | Principal Officer (ICT)-Database Administrator (Grade-6) | টা:৩৫,৫০০-৬৭,০১০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০২টি | **25122** | Academic Qualification<br>Masters/B.Sc. in Computer Science/Engineering or related field with 1st class either in B.Sc. or Masters and minimum 2nd Division/Class in all other academic examinations.<br>Professional Qualification/Training :<br>• Candidates must have OCP certification in Database Administration.<br>• Practical knowledge of Oracle latest version(s), Oracle Data Guard.<br>• Practical knowledge of Backup and recovery (import/export, SQL Loader, RMAN etc.)<br>• Practical knowledge of maintaining database security and auditing.<br>• Practical knowledge of Windows and Unix/AIX/Linux based server<br>Experience:<br>At least 03(Three) years of experience in Oracle database administration and experience of maintaining database in 24X7 mission critical environment. |
| ২। | Principal Officer (ICT)-Network Administrator (Grade-6) | টা:৩৫,৫০০-৬৭,০১০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০১টি | **25123** | Academic Qualification<br>Masters/B.Sc. in Computer Science/Engineering or related field with 1st class either in B.Sc. or Masters and minimum 2nd Division/Class in all other academic examinations.<br>Professional Qualification/Training :<br>• Candidates must have valid CCNP/CISA certification.<br>• Proficiency in networking protocols and technologies, including OSPF, BGP TCP/IP, DNS, DHCP, VLANs and VPNs.<br>• Excellent analytical and problem-solving skills with the ability to troubleshoot complex network issues.<br>Experience:<br>At least 03(Three) years of proven experience in designing, deploying and managing large networks. |
| ৩। | Principal Officer (ICT)–ICT Security Specialist (Grade-6) | টা:৩৫,৫০০-৬৭,০১০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০১টি | **25124** | Academic Qualification<br>Masters/B.Sc. in Computer Science/Engineering or related field with 1st class either in B.Sc. or Masters and minimum 2nd Division/Class in all other academic examinations.<br>Professional Qualification/Training :<br>• Candidates must have valid CCNA/CISA/CHFI/ CEH Security Certification.<br>• Proficiency in networking protocols and technologies, including OSPF, BGP TCP/IP, DNS, DHCP, VLANs and VPNs.<br>• Practical knowledge on vulnerability Assessment and penetration testing (VAPT), Cyber security, Intrusion Detection/prevention, Anomaly Detection, Log analysis etc.<br>Experience:<br>At least 03(Three) years of experience in ICT security of a large organization infrastructure. |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪। | Officer (ICT)–EOD Specialist (Grade-10) | টা:১৬,০০০-৩৮,৬৪০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০৩টি | 25125 | Academic Qualification<br>Masters/Four years Honors degree in any subject with one 1st Division/Class and minimum 2nd Division /Class in all the examinations.<br>Professional Qualification/Training :<br>• Experience in performing EOD and related operations of any corebanking software.<br>• Practical knowledge of Windows/Unix/AIX/Linus based server.<br>• Basic knowledge of Oracle database<br>Experience:<br>At least 02 (two) years of experience of working in IT field (software)including at least I years' experience in performing EOD and related operations of any core banking software deployed in centralized mode. |

**২। সকল পদের জন্য শিক্ষাগত যোগ্যতার মান নির্ধারণী নির্দেশনাঃ-**

গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং শিম/শাঃ১১/১৯- ১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

(ক) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

(খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| **অর্জিত সিজিপিএ** | | **সমতুল্য শ্রেণি/বিভাগ** |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ/শ্রেণি |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ/শ্রেণি |

** প্রার্থী 'O' Level ও 'A' Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট এবং বিদেশি বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রি প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/শিক্ষা মন্ত্রণালয় বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য সম্বলিত ডকুমেন্ট অবশ্যই প্রেরণ করতে হবে।

৩। **বয়স (০১/৭/২০২৫ তারিখে) :**

ক) Principal Officer(Grade-6) সমমর্যাদার পদসমূহে প্রার্থীদের বয়স সর্বোচ্চ ৩৬ বছর।

খ) Officer (ICT)–EOD Specialist (Grade-10) পদে প্রার্থীদের বয়স সর্বোচ্চ ৩৩ বছর।

৪। **(ক) অনলাইনে আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময় : ১৬/০৩/২০২৬ তারিখ, রাত ১১.৫৯ টা।**
**(খ) দলিলাদি দাখিলের শেষ সময়: ০২/০৪/২০২৬ তারিখ, বিকাল ৬.০০ টা।**

৫। আবেদন ফি প্রদান, **Payment Verify** এবং **Tracking Page** সংগ্রহের শেষ তারিখ ও সময়: **১৮/০৩/২০২৬ তারিখ, রাত ১১.৫৯ টা।**

৬। **আবেদন ফি :** অফেরতযোগ্য **টা: ২০০/-(টাকা দুইশত মাত্র)।** ফি প্রদান সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য ৭ (ঝ ও ঞ) দ্রষ্টব্য।

(সকল প্রার্থীকেই আবেদন ফি বাবদ টা: ২০০/- হারে প্রদান করতে হবে তবে অনগ্রসর নাগরিক গোষ্ঠীভুক্ত প্রার্থীদের জন্য সরকার নির্ধারিত আবেদন ফি টা: ৫০/-(টাকা পঞ্চাশ মাত্র) যা পরবর্তীতে তাদের আবেদন ও দাখিলকৃত দলিলাদি যাচাই সাপেক্ষে সমন্বয় করা হবে। এ বিষয়ে পরবর্তীতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে)।

৭। **আবেদন পদ্ধতি :**

ক. **Online Registration :** কেবল বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) এ নির্ধারিত ছক পূরণের মাধ্যমে Online এ নিবন্ধনকরতঃ আবেদন করতে হবে। ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থী বিদ্যমান CV ব্যবহার করে আবেদন করতে পারবেন। আবেদন দাখিলের বিস্তারিত নিয়ম ও শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে।

খ. **CV ID Number :** বাংলাদেশ ব্যাংকের সিস্টেমে ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থীকে বিদ্যমান CV ID Number এবং Password ব্যবহার করে আবেদন দাখিল করতে হবে। নতুন প্রার্থী Online এ নিবন্ধন সম্পন্ন করলে একটি CV ID Number এবং Password প্রাপ্ত হবেন যা ভবিষ্যতে ব্যবহারের জন্য অবশ্যই সংরক্ষণ করতে হবে। **একজন প্রার্থী একের অধিক CV তৈরি করতে পারবেন না।**

গ. **প্রার্থীর বিবরণ :** প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং জন্ম তারিখ অবশ্যই এসএসসি অথবা সমমানের সনদ অনুযায়ী Online আবেদনে লিখতে হবে।

ঘ. **প্রার্থীর বর্তমান ঠিকানা :** প্রার্থীর বর্তমান বসবাসের স্থান এবং নিয়োগ সংক্রান্ত চিঠিপত্র পেতে ইচ্ছুক ঠিকানাকে বর্তমান ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে।

ঙ. **প্রার্থীর স্থায়ী ঠিকানা :** প্রার্থীর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদে উল্লিখিত স্থায়ী ঠিকানাকে প্রার্থীর স্থায়ী ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে। বিবাহিত মহিলা প্রার্থী তাঁর স্বামীর স্থায়ী ঠিকানাকে নিজের স্থায়ী ঠিকানা হিসেবে ব্যবহার করতে পারবেন।

চ. **ছবি (Photo) :** ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থী বিদ্যমান ছবি ব্যবহার করতে পারবেন। তবে নতুন প্রার্থীকে অবশ্যই নির্ধারিত স্থানে 600x600 pixel ও file size 100 KB এর বেশি নয় এরূপ মাপের অনধিক তিন মাস পূর্বে তোলা রঙিন ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড সম্বলিত) scan করে আপলোড করতে হবে। ছবি তোলার সময় মুখ ও কানের উপর আবরণ রাখা যাবে না। সাদাকালো ছবি এবং Informal ছবি আপলোড করলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

ছ. **স্বাক্ষর (Signature) :** নির্ধারিত স্থানে 300x80 pixel ও file size 60 KB এর বেশি নয় এরূপ মাপের (প্রার্থীর নিজের) স্বাক্ষর scan করে আপলোড করতে হবে। স্বাক্ষর অবশ্যই সাদা কাগজের উপর কালো কালিতে হতে হবে।

**নিবন্ধনকৃত কোন প্রার্থীর ছবি/স্বাক্ষর পরিবর্তনের প্রয়োজন হলে **CV ID Number** উল্লেখপূর্বক স্ক্যানকৃত ছবি/স্বাক্ষরসহ (.jpg/.gif/.png ফরম্যাটে) প্রার্থীর নিবন্ধিত ই-মেইল হতে **info.bscs@bb.org.bd**-এ ই-মেইল প্রেরণ করতে হবে।

চলমান পাতা/০৩

জ. **অর্জিত ডিগ্রির ফলাফলের তারিখ :** পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত সংশ্লিষ্ট ডিগ্রির ফলাফল প্রকাশের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

ঝ. **Application Fee Payment পদ্ধতি :** ডাচ বাংলা ব্যাংক পিএলসি এর মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS) **'রকেট'** এর অ্যাপ বা ম্যানুয়াল পদ্ধতির **"Bill Pay"** অপশন ব্যবহার করে ফি প্রদান করতে হবে। এক্ষেত্রে Biller ID হিসেবে Bankers Selection Committee Secretariat অথবা 499 সিলেক্ট করতে হবে। পরবর্তীতে পর্যায়ক্রমে **সংশ্লিষ্ট Job ID Number, নিজ CV ID Number এর ১ম অংশ {হাইফেনের (-) আগের অংশ}**, ফি এর পরিমাণসহ প্রয়োজনীয় তথ্য ব্যবহার করে ফি প্রদান করতে হবে। ফি প্রদান করলে প্রার্থী মোবাইলের মেসেজ অপশনে একটি Transaction ID (TxnID) নম্বর পাবেন। **প্রাপ্ত TxnID নম্বরটি ব্যবহার করে প্রার্থীকে অবশ্যই 'ঞ' ক্রমিকে উল্লিখিত পদ্ধতিতে পৃথকভাবে Payment Verify সম্পন্ন করতে হবে। অন্যথায় আবেদন অসম্পূর্ণ রয়ে যাবে।**

***আবেদন ফি'র Payment পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে https://erecruitment.bb.org.bd/onlineapp/rocketpreepay.pdf ওয়েবসাইটটি ভিজিট করতে হবে।

ঞ. **Payment Verify :** প্রার্থীকে ফি প্রদানের পর প্রাপ্ত TxnID বাংলাদেশ ব্যাংকের erecruitment সাইটের নির্দিষ্ট ফিল্ডে বসিয়ে Payment Verify সম্পন্ন করতে হবে। **কোনো আবেদনকারী Payment Verify সম্পন্ন না করলে পরবর্তীতে Admit Card ডাউনলোড করতে পারবেন না।** ভুল JOB ID বা ভুল CV ID ব্যবহারপূর্বক ফি জমা দিলে বা নির্দিষ্ট সময়ের মধ্যে Payment Verify না করলে আবেদন গ্রহণযোগ্য হবে না এবং এক্ষেত্রে আবেদন ফি ফেরৎ প্রদান কিংবা সমন্বয় করা সম্ভব হবে না।

ট. **Tracking Page সংগ্রহ :** Payment Verify সম্পন্ন হওয়ার পর প্রার্থীকে Tracking ID Number সম্বলিত একটি Tracking Page প্রদান করা হবে। **Tracking Page টি প্রার্থীর আবেদন দাখিলের প্রমানস্বরূপ নিজের কাছে সংরক্ষণ করতে হবে। আবেদন দাখিলের সর্বশেষ সময়ের পরে কোনো অবস্থাতেই Tracking Page এর Duplicate Copy সরবরাহ করা হবে না।**

ঠ. একজন প্রার্থী কোন একটি পদের বিপরীতে একবারই আবেদন দাখিল করতে পারবেন। দাখিলকৃত আবেদন পরিবর্তন, পরিমার্জন কিংবা বাতিল করা যাবে না। কাজেই আবেদন দাখিলের পূর্বে CV-তে উল্লিখিত তথ্যাদির(নাম, পিতা ও মাতার নাম ইত্যাদি) সঠিকতা যাচাইপূর্বক আবেদন দাখিল করতে হবে। আবেদনে প্রদত্ত সার্বিক তথ্য, ছবি, স্বাক্ষর ইত্যাদি verification সাপেক্ষে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। **অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।**

৮। **আবেদনের সপক্ষে দলিলাদি দাখিল:** অনলাইনে আবেদন দাখিল, আবেদন ফি প্রদান এবং পেমেন্ট ভেরিফিকেশন সফলভাবে সম্পন্নকারী প্রার্থীদেরকে তাদের শিক্ষাগত যোগ্যতার সনদ, দক্ষতা/অভিজ্ঞতার যাবতীয় সনদ ও প্রশংসাপত্রের এক সেট সত্যায়িত ফটোকপি স্বহস্তে লিখিত আবেদনসহ ০২/০৪/২০২৬ তারিখের মধ্যে ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় বরাবর ডাকযোগে বা সরাসরি দাখিল করতে হবে। আবেদনপত্রে সংশ্লিষ্ট পদের নাম এবং অনলাইনে আবেদন দাখিলসূত্রে প্রাপ্ত Job Tracking No. উল্লেখ করতে হবে। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করে থাকলে প্রতিটি আবেদনের জন্য পৃথকভাবে আবেদনসহ দলিলাদি প্রেরণ করতে হবে।

৯। প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের প্রবেশপত্র ডাউনলোড ও নির্বাচনী পরীক্ষার তারিখ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট ও জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।

১০। আবেদনে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইয়ান্তে কোনো গুরুতর(substantive) ত্রুটি ধরা পড়লে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমানিত হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না। তাছাড়া, মৌখিক পরীক্ষা শেষে প্যানেল প্রস্তুতকালে কোনো প্রকার ত্রুটি পরিলক্ষিত হলেও প্রার্থীকে প্যানেলভুক্ত করা হবে না।

১১। চাকুরীরত প্রার্থীকে তাঁর নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার দিন উক্ত অনুমোদনের কপি প্রদর্শন করতে হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি সর্বশেষ নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৩। সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান তার বিধিবিধান অনুসরণপূর্বক চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

১৪। **শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র দাখিল, নির্ধারিত ফি প্রদান ও Payment Verify সম্পন্ন করতঃ Tracking Page টি হার্ডকপি ও সফটকপি আকারে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।**

**স্বাক্ষরিত/-**
(মিজানুর রহমান আকন)
পরিচালক (বিএসসিএস)
ও
সদস্য-সচিব (বিএসসি)

**বি: দ্র: ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের চাহিদার প্রেক্ষিতে শূন্য পদের সংখ্যা সংশোধন এবং অনিবার্য কারণবশত নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে ইহা পরিবর্তন/পরিমার্জন/বাতিল করার অধিকার বিএসসিএস সংরক্ষণ করে।**